

সরকারি আশেক মাহমুদ কলেজ

প্রাক-নির্বাচনী পরীক্ষা/২০২১

একাদশ শ্রেণি

গার্হস্থ্য বিজ্ঞান প্রথম পত্র বিষয় কোডঃ ২৭৩

সময়ঃ ৫০ মিনিট

পূর্ণমানঃ ৫০

[যে কোন ৫টি প্রশ্নের উত্তর দাও]

১। স্নাতকোত্তর পাস করলেও জুঁই দীর্ঘদিন যাবত কোনো চাকরি পাচ্ছেনা। তার দূর সম্পর্কের এক চাচা ১০ লাখ টাকার বিনিময়ে তাকে একটি চাকরি দেওয়ার কথা বলে। কিন্তু বাবার সততার শিক্ষা তাকে এ কাজ করতে নিরুৎসাহিত করে। সে সিদ্ধান্ত নেয় অন্যায়কে কখনো প্রশ্রয় দেব না।

- ক) মান কাকে বলে? ১
খ) পরিবারিক জীবনের প্রশাসনিক দিক বলতে কী বোঝায়? ২
গ) জুঁই এর আচরণে মূল্যবোধের গুরুত্বের কোন দিকটির বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) মূল্যবোধের গুরুত্ব সম্পর্কে সার্বিক ধারণা দিতে উদ্দীপকটি কি সফল? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। সৈঁগতি একজন চিত্রশিল্পী হিসেবে সুপরিচিত। সব বয়সের মানুষের কাছেই তিনি জনপ্রিয়। এ পর্যায়ে আসতে তাকে অনেক পরিশ্রম করতে হয়েছে। তিনি তার সন্তানদের সাথে এ বিষয়ে গল্প করেন এবং তাদের লক্ষ্যে স্থির থাকতে বলেন।

- ক) মূল্যবোধ কী? ১
খ) গৃহ ব্যবস্থাপনায় লক্ষ্যকে মূল নির্দেশক হিসেবে বিবেচনা করা হয়েছে কেন? ২

গ) সৈঁগতিকে বর্তমান অবস্থায় পৌঁছাতে দীর্ঘমেয়াদী লক্ষ্য

কীভাবে ভূমিকা রেখেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) সৈঁগতি স্বল্প মেয়াদি লক্ষ্য অর্জনে যত্নবান ছিলেন বলেই সফল হতে পেরেছেন-বক্তব্যটির যথার্থতা যাচাই করো। ৪

৩। তানভির সাহেব পরিবারের সদ্যদের নিয়ে গ্রীষ্মের ছুটিতে কক্সবাজার যাবেন বলে ঠিক করেন। তিনি সবার সাথে বিষয়টি আলোচনা না করে একক সিদ্ধান্তের ওপর ভিত্তি করে টিকিট কেনেন। যাত্রাপথে তাদের অনেক সমস্যায় পড়তে হলো। ফলে সবাই মনঃক্ষুণ্ণ হলো। এতে বেড়ানো আনন্দদায়ক হয়নি। বাড়ি ফিরে তিনি ভাবলেন যাওয়ার পূর্বে সবার মত নিলে এরকম হওয়ার সম্ভাবনা থাকত না।

- ক) 'সিদ্ধান্ত' কথাটি কোন শব্দ থেকে এসেছে? ১
খ) পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ) তানভির সাহেব কীভাবে সিদ্ধান্ত নিলে তার যাত্রাটি আনন্দমুখর হতো? ব্যাখ্যা করো। ৩
ঘ) লক্ষ্য অর্জনে তানভির সাহেবের গৃহ ব্যবস্থাপনার ধাপগুলো অনুসরণ করা উচিত-বিশ্লেষণ করো। ৪

৪।

সময়, শক্তি, জ্ঞান, দক্ষতা

অর্থ, জমি, গহনা, বাড়িঘর

ছক-A

ছক-B

- ক) আর্থিক আয় কী? ১
খ) আয় ও ব্যয়ের মধ্যে ভারসাম্য রক্ষা করে বাজেট-বুঝিয়ে লেখ। ২

গ) ছক-A কোন সম্পদের ধারণা দেয়? সম্পদগুলো
পারস্পরিক বিনিময়যোগ্য নয়- ব্যাখ্যা করো। ৩

ঘ) ছক-Aএর যথার্থ ব্যবহার পরোক্ষভাবে ছক- B এর সমৃদ্ধি
ঘটায়-উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫। নবনী বাজেট তৈরি করে চলে। কিন্তু কক্সবাজার বেড়াতে যাওয়ার ফলে
মাসের ২১ তারিখেই তার সব টাকা শেষ হয়ে যায়। এমন পরিস্থিতিতে তার
সহকর্মী বলল, উত্তম বাজেট তৈরি করতে হলে মোট আয়ের পাশাপাশি
আরো কিছু বিষয় সম্পর্কে সচেতন থাকা প্রয়োজন।

ক) পরিচালনা কী? ১

খ) মোট আয় বলতে কী বোঝায়? ২

গ) কোন বিষয়গুলো সম্পর্কে সচেতন থাকলে নবনী উদ্দীপকে
উল্লেখিত সমস্যায় পড়ত না? ব্যাখ্যা কর। ৩

ঘ) নবনীর সহকর্মীর বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৬। করিম সাহেব অফিসের একটি কাজে ভুল করায় উপর্হতন কর্মকর্তা তাকে
বিভিন্নভাবে অপমান করলে তিনি হতাশ হয়ে পড়েন। পরবর্তীতে তিনি ভুল
সংশোধনের জন্য রাত দিন ২৪ ঘণ্টা কাজ করবেন বলে মনস্থির করলেন।
কিন্তু একটু কাজ করার পরই তিনি ক্লান্ত হয়ে পড়েন এবং কোনোভাবেই
কাজকে এগিয়ে নিতে পারেন না।

ক) কাজ সহজকরণ কী? ১

খ) সময় তালিকা প্রয়োজন কেন? ২

গ) করিম সাহেবের মধ্যে কোন ধরনের ক্লান্তি দেখা দিয়েছে?
ব্যাখ্যা করো। ৩

ঘ) করিম সাহেবের ক্লান্তি দূর করার জন্য কী করা উচিত
বলে তুমি মনে করো? মতামত দাও। ৪

৭। রাফাত একজন দিনমজুর। তিনি প্রতিদিন যা আয় করেন তা দিয়ে
পরিবারের পাঁচ সদস্যের চাহিদা পূরণ করতে হয়। একদিন তার স্ত্রী তাকে
পরামর্শ দিলেন নির্ধারিত আয় থেকে কিছু টাকা জমানোর। রাফাত সিদ্ধান্ত
নিলেন প্রতিদিনের আয় থেকে ১০ টাকা সঞ্চয় করবেন এবং আর্থিকভাবে
সচ্ছল হবেন।

ক) নমিনী কাকে বলে? ১

খ) স্থির জমার হিসাব বলতে কী বোঝায়? ২

গ) রাফাতের সঞ্চয়ের ধরনটি ব্যাখ্যা করো। ৩

ঘ) রাফাতের স্ত্রী পরামর্শ মূল্যায়ন কর। ৪

৮। রফিক সাহেব অবসর গ্রহণের পর তার পেনশনের অর্থ ও সঞ্চিত অর্থ
ব্যাংকে ফিক্সড করে রাখলেন। যা দিয়ে তিনি এখন সংসার চালান। চাকরির
প্রথম অবস্থা থেকেই তিনি অর্থ সঞ্চয় করে আসছেন। এ অর্থই তার এখন
আয়ের উৎস। তিনি মনে করেন সঞ্চয়ের অর্থই তাকে ভবিষ্যতে আর্থিক
অনিশ্চয়তা দূর করতে সাহায্য করবে।

ক) চলতি হিসাব কী? ১

খ) শেয়ার বলতে কী বোঝায়? ২

গ) রফিক সাহেবের সঞ্চিত অর্থ কীভাবে আয়ের উৎস
হিসাবে সাহায্য করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) রফিক সাহেবের ধারণাটি কি তুমি সঠিক বলে মনে
করো? মতামত দাও। ৪